

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৪৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তির যোহরের দুই রাকা'আত সুন্নাত ছুটে গেলে যদি তা আসরের সালাত আদায় করা পর্যন্ত না পড়া হয়, তবে তা আর আদায় করতে হবে না, আসরের পর আদায় করার বিষয়টি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য খাস

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَنْ فَاتَتْهُ رَكْعَتَا الظُّهْرِ إِلَى أَنْ يُصلِّيَ الْعَصْرَ لَيْسَ عَلَيْهِ إِعَادَتُهُمَا وَإِنَّمَا كَانَ ذَلِكَ لِلْمُصْطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَاصَّةً دُونَ أُمَّتِهِ

আরবী

2644 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا حماد بن سلمة عن الْأَزْرَقِ بْنِ قَيْسٍ عَنْ ذَكْوَانَ عَنْ أُمِّ سَلَمَةَ قَالَ: أَخْبَرَنَا حماد بن سلمة عن الْأَزْرَقِ بْنِ قَيْسٍ عَنْ ذَكْوَانَ عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَصْرُ ثُمَّ دَخَلَ بَيْتِي فَصَلَّى رَكْعَتَيْنِ فَقُلْتُ: يَا رَسُولُ اللَّهِ صَلَّيْتَ صَلَاةً لَمْ تَكُنْ تُصَلِّيهَا فَقَالَ: (قَدِمَ عَلَيَّ مالٌ فَشَغَلَنِي عَنْ وَكُنْ تُصَلِّيها فَقَالَ: (قَدِمَ عَلَيَّ مالٌ فَشَغَلَنِي عَنْ رَكْعَهُمَا قَبْلَ الْعَصْرِ فَصَلَّيْتُهُمَا الْآنَ) فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَفَنَقْضِيهِمَا إِذَا فَاتتنا؟ قال: (لا).

الراوي: أبو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2644 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((الضعيفة)) (946).

বাংলা

২৬৪৪. উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আসরের সালাত আদায় করে আমার বাড়িতে প্রবেশ করেন তারপর তিনি দুই রাকা আত সালাত আদায় করেন। তখন আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি এমন এক সালাত আদায় করেছেন, যা আপনি আগে কখনো পড়েননি!" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমার কাছে (সাদাকার) মাল এসেছিল, অতঃপর সেটি আমাকে দুই রাকা আত সালাত আদায় করা থেকে বিরত রাখে, যা আমি আসরের আগে পড়তাম। সেটিই আমি এখন পড়লাম।" তখন আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু



আলাইহি ওয়া সাল্লাম, আমাদের যখন এই দুই রাক'আত সালাত ছুটে যাবে, তখন আমরাও কি তা কাযা করবো?" জবাবে তিনি বলেন, "না।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ২/৩২৬; মুসনাদ আহমাদ: ৬/৩১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আয যঈফা: ৯৪৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন